

ডি.ও.নং - ২৭.০২.০০০০.০০০.৯৯.০০১.২০-১

তারিখঃ ১৬ ফেব্রুয়ারী, ২০২১ খ্রিঃ

স্বিঃ স্মৃতি


আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, পরিবেশবান্ধব নবায়নযোগ্য জ্বালানির সম্প্রসারণ এবং জ্বালানির দক্ষ ব্যবহার ও সংরক্ষণের মাধ্যমে দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে সরকার ২০১৪ খ্রিষ্টাব্দে টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) প্রতিষ্ঠা করে। প্রতিষ্ঠার পর থেকে স্রেডা টেকসই জ্বালানি উন্নয়নে কাজ করে যাচ্ছে।

২। বিকল্প জ্বালানি উৎসের অনুসন্ধানকল্পে স্রেডা বাংলাদেশে হাইড্রোজেন ফুয়েলের সম্ভাবনা এবং চ্যালেঞ্জ সম্পর্কে বিস্তারিত আলোচনার লক্ষ্যে আগামী ২২ ফেব্রুয়ারি, ২০২১ (সোমবার) সকাল ১০:৩০ টা থেকে বিকাল ৪:৩০ টা পর্যন্ত স্রেডা'র গোমতী কনফারেন্স হলে (আইইবি ভবন, ৯ম ফ্লোর, রমনা, ঢাকা-১০০০) 'Prospect and Challenges of Hydrogen Fuel in Bangladesh' বিষয়ে একটি কর্মশালা আয়োজন করেছে। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে জনাব মোঃ আনোয়ার হোসেন, সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় ও বিশেষ অতিথি হিসেবে জনাব মোঃ হাবিবুর রহমান, সচিব, বিদ্যুৎ বিভাগ এবং অধ্যাপক ড. মোঃ আফতাব আলী শেখ, চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

৩। উক্ত কর্মশালায় 'Prospect and Challenges of Hydrogen Fuel in Bangladesh' বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপনে সম্মতি জ্ঞাপনের জন্য আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। কর্মশালার দুই দিন পূর্বে উপস্থাপিতব্য প্রবন্ধের কনসেপ্ট নোট স্রেডা বরাবর প্রেরণের জন্যও আপনাকে অনুরোধ করছি।

৪৯০৮৮৩

আন্তরিকভাবে আপনার


(মোহাম্মদ আলাউদ্দিন)

ড. মোহাম্মদ আবদুস সালাম
সিনিয়র প্রিন্সিপাল ইঞ্জিনিয়ার
বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ
বিসিএসআইআর গবেষণাগার, চট্টগ্রাম

অনুলিপিঃ (জৈষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সিনিয়র সচিবের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. পিএস টু চেয়ারম্যান, বিসিএসআইআর, ঢাকা